

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

বিজ্ঞপ্তি নং-নীঃসঃকঃ ১৩৪/২০২১

তারিখ- ১৯/০৭/২০২১ খ্রি.

অত্র কলেজের সকল শিক্ষক-কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে আগামী ২০/০৭/২০২১ খ্রি হতে ২২/০৭/২০২১ খ্রি পর্যন্ত এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ সংখ্যক স্মারক পত্রের আলোকে করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের জন্য আগামী ২৩ জুলাই ২০২১ হতে ৫ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিত করা হয়েছে। এসময় সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন এবং দাপ্তরিক কাজসমূহ ভার্চুয়ালি সম্পন্ন করবেন।

উল্লেখ্য যে, কলেজের সার্বিক নিরাপত্তা নিশ্চিতের নিমিত্তে নৈশ প্রহরী, নিরাপত্তা কর্মী, কলেজের দুই ফটকের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কর্মচারীদেরকে সরকার ঘোষিত সকল স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক এ্যাপ্রোন পরিহিত অবস্থায় স্ব স্ব দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য নির্দেশ দেয়া হলো। স্ব স্ব কর্মচারীর ডিউটিকালীন সময়ে কলেজ ক্যাম্পাসের কোন প্রকার ক্ষয়-ক্ষতি হলে এবং অনাকাঙ্ক্ষিত কোন ঘটনার সৃষ্টি হলে সংশ্লিষ্ট কর্মচারীকে দায়ভার গ্রহণ করতে হবে এবং তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি জরুরী।


২২/০৭/২০২১
(প্রফেসর মোঃ দিদারুল ইসলাম)

অধ্যক্ষ

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

(প্রফেসর মোঃ দিদারুল ইসলাম-৫২৯৬)

অধ্যক্ষ

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ০১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
- ০২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
- ০৩। বিভাগীয় প্রধান, বিভাগ, অত্র কলেজ (তাঁর বিভাগের নিরাপত্তার নিশ্চিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৪। আহবায়ক, অনলাইন ক্লাস কমিটি, অত্র কলেজ।
- ০৫। প্রধান সহকারী, অত্র কলেজ।
- ০৬। অফিস কপি।